

# ঢাকা ওয়াসা

## সংযুক্তিঃ

- ১। পূর্বনুমোদিত দরের কপি।
- ২। প্রত্যাখিত প্রাক্কলন।
- ৩। ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
- ৪। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

**বিষয়ঃ Repairing & maintenance of 11/33 KV electric line of IRP#2 area Under SKWP** কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

## অনুচ্ছেদঃ ১

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্রান্টে ২ টি আয়রন রিমুভাল প্রান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্রান্টের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্রান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক পানি সরবরাহ করা হয়।

উল্লেখ্য, অত্র প্রান্টের আওতাধীন 11 & 33 KV বৈদ্যুতিক লাইনে প্রায়সই বিভিন্ন ধরনের সমস্যা পরিলক্ষিত হয়। বৈদ্যুতিক লাইনের বিভিন্ন ধরনের ক্যাবলের জয়েন্ট করার জন্য যে সকল প্রয়োজনীয় মালামালের প্রয়োজন তা ঠোঁরে পর্যাপ্ত মজুদ নাই। পানির উৎপাদন ও মান স্বাভাবিক রাখার লক্ষ্যে বর্ণিত সেরামত সম্বন্ধীয় মালামাল ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত কাজের জন্য পূর্বনুমোদিত দর ধরে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-১ এ পূর্বনুমোদিত দর)। প্রাক্কলিত মূল্য দাঁড়িয়েছে ৮.৩৯,৬৬০.০০/- (টাকা উনচল্লিশ হাজার ছয়শত ষাট টাকা মাত্র (সংযুক্ত ক্রমিক নং-২)। কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে বহন করা হবে (সংযুক্ত ক্রমিক নং-৩)। যাহা অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৭ হিসাবে অর্ন্তভুক্ত (সংযুক্তি-৪)। কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে সম্পন্ন করে প্রকৃত বিল, ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

## অনুচ্ছেদঃ ২

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্রান্টের আওতায় Repairing & maintenance of 11/33 KV electric line of IRP#2 area Under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের অনুমোদন।

খ) প্রাক্কলিত ৮.৩৯,৬৬০.০০/- (টাকা উনচল্লিশ হাজার ছয়শত ষাট) টাকার অস্থায়ী অগ্রীমের প্রাক্কলন অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ বেজাউল করিম  
উপ-সহকারী প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্রান্ট, ঢাকা ওয়াসা।  
সুদীপ্ত কুমার ঘোষ  
সহকারী প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্রান্ট  
ঢাকা ওয়াসা।  
মোঃ নওশের হুমায়ুন  
নির্বাহী প্রকৌশলী  
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্রান্ট, ঢাকা ওয়াসা।

SE, WSP-e

মির্জা গোলাম কিবরিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল  
ঢাকা ওয়াসা।

৩। স্বাক্ষর অনুমোদিত,

Xen, OK 4/3/26

শওকত হুসেইন  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা।